

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.nanl.gov.bd

০১. কলকাতা ওয়েবসাইটে  
০২. মকন সিদ্ধান্তে অর্জিত  
কর্তৃত্বের কপি-নির্মা  
তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২  
২৩ নভেম্বর ২০২৫

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০১.০২.০১৭.১৫/২৭৩২

### বিষয়: বইয়ের জন্য ISBN নম্বর গ্রহণ প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার বইয়ের সঠিক পরিচিতি নিশ্চিত করার জন্য এবং আইনগত ভিত্তি প্রদানের লক্ষ্যে আন্তর্জাতিক মানসম্পন্ন কোড **ISBN (International Standard Book Number)** গ্রহণ করা অত্যাবশ্যিক। আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার ISBN বরাদ্দদানকারী সমগ্র বাংলাদেশের একমাত্র সরকারি প্রতিষ্ঠান। অনলাইনে আবেদন করে ২৪ ঘণ্টার মধ্যে (ছুটির দিন ব্যতীত) এই ISBN নম্বর (QRcodeসহ) খুব সহজেই পাওয়া যায়।

০২। ISBN গ্রহণের জন্য প্রথমে এ সংক্রান্ত ওয়েবসাইটে (<http://isbn.teletalk.com.bd>) প্রবেশ করে লেখক/প্রতিষ্ঠান/প্রকাশনা সংস্থার (যেটি প্রযোজ্য) অনুকূলে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এরপর Application for ISBN এ ক্লিক করে আপনার মোবাইলে প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে আবেদন ফর্ম পূরণ করে সাবমিট করতে হবে। তারপর একটি pdf page স্ক্রীনে দেখা যাবে এবং এতে দেওয়া নির্দেশনা অনুযায়ী টেলিটক প্রিপেইড সিম হতে sms এর মাধ্যমে সরকার নির্ধারিত মূল্য (প্রতি ISBN সার্ভিসচার্জসহ ২২৩ টাকা) পরিশোধ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বই প্রকাশের পূর্বে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার হতে ISBN গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে ISBN ব্যতীত কোন বই প্রকাশ করে থাকলে উক্ত বইয়ের আইনগত ভিত্তি প্রদানের জন্যও ISBN নেয়া যাবে।

সংযুক্তি : ISBN গ্রহণ প্রক্রিয়া।

অধ্যক্ষ

রাজস্বায়ী সর্কারী কলেজ  
রাজস্বায়ী

খন্দকার জাহিরুল ইসলাম  
মহাপরিচালক (অতিরিক্ত, সচিব)  
ফোন : ২২২২১৮৩৪৬  
ইমেইল : dg@nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৬.০২.০০২.১৮

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২  
২৩ নভেম্বর ২০২৫

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (লাইব্রেরি), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

## ISBN গ্রহণ প্রক্রিয়া

১

<http://isbn.teletalk.com.bd>

লিংকে প্রবেশ করতে হবে। এরপর প্রকাশক/লেখক/ প্রতিষ্ঠান রেজিস্ট্রেশনে ক্লিক করার পর কিছু ফিল্ড আসবে সেগুলো সব পূরণ করতে হবে।

২

প্রথমে বিভাগ নির্বাচন করতে হবে। এরপর জেলা, থানা, প্রকাশক/লেখকের নাম নির্বাচন করতে হবে। যদি নাম না আসে তাহলে **others** অপশন নির্বাচন করলে একটি ফিল্ড আসবে নাম লিখার জন্য সেখানে নাম লিখতে হবে।

৩

এখানে ব্যবহারকারীকে সর্বফিল্ড পূরণ করতে হবে। যদি ব্যবহারকারী কোনো ছবি রিসাইজ করতে চান, তবে ঐখানে URL-এ ক্লিক করে তা করতে পারবেন। এখানে যে মোবাইল নম্বরটি দিবেন সেটাই হবে প্রাথমিক পাসওয়ার্ড প্রতিটি ছবির মাপ (Dimension) অবশ্যই ৩০০ x ৩০০ হতে হবে।

৪

“Submit” বাটনে ক্লিক করার পর যদি সংশোধনের প্রয়োজন হয় তবে “Edit” বাটনে ক্লিক করে সংশোধন করতে পারবেন।

৫

এরপর “Confirm” বাটনে ক্লিক করলে একটি PDF ফাইল খুলবে। ব্যবহারকারী একটি ইউজার আইডি পাবেন। পাসওয়ার্ড হবে তার মোবাইল নম্বর যেখানে (OTP) যাবে। এখানে ব্যবহারকারী তার প্রোফাইল দেখতে পাবেন।

৬

এরপর ব্যবহারকারী Application for ISBN এ ক্লিক করে ISBN এর জন্য আবেদন করবেন

৭

এখানে ব্যবহারকারী আইএসবিএন-এর জন্য বইয়ের তথ্য দিয়ে ফিল্ডগুলো পূরণ করবেন। এবং একাধিক বই যোগ করতে চাইলে “Add More Book” বাটনে ক্লিক করতে হবে এবং সর্বশেষে “Submit” বাটনে ক্লিক করতে হবে।

৮

বইয়ের সব তথ্যসহ Summary দেখা যাবে। এরপর “Confirm” বাটনে ক্লিক করলে আবেদন সম্পন্ন হবে এবং একটি PDF ফাইল শো করবে। এখানে ISBN ফি পরিশোধের নির্দেশনা দেখা যাবে।

৯

এরপর নমুনা PDF ফাইলের নির্দেশনা অনুযায়ী প্রতি ISBN ফি বাবদ ২২৩/- (দুইশত তেইশ টাকা) পরিশোধ করতে হবে।

১০

ISBN অথরিটি কর্তৃক অনুমোদন হলে আবেদনকারী ISBN সনদ ডাউনলোড সংক্রান্ত ম্যাসেজ পাবেন। এরপর তিনি ড্যাশবোর্ড হতে ISBN সনদ ডাউনলোড করতে পারবেন।